দৈনিক জনকণ্ঠ
NOV. 16 2002

# সকল ক্যাডেট কলেজে একই সঙ্গে ইংরেজী মাধ্যম চালুর বিষয়টি প্রক্রিয়াধীন

'ক্যাডেট কলেজে শিক্ষার মাধ্যম ইংরেজী করার সুপারিশ' শিরোনামে একটি প্রতিবেদন ১০ নবেম্বর দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশ হয়েছে। উক্ত প্রতিবেদনে একটি বিশেষ সরকারী সংস্থার উদ্ধৃতি দিয়ে ২০০৩ সালে ৭ম শ্রেণীতে ভর্তির জন্য শুধুমাত্র পূর্বতন চারটি ক্যাডেট কলেজ যথাক্রমে ফৌজদারহাট, ঝিনাইদহ, মির্জাপুর ও রাজশাহী ক্যাডেট কলেজে ইংরেজী মাধ্যমে শিক্ষা গ্রহণের ব্যবস্থা প্রবর্তনের সরকারী সিদ্ধান্তের কথা বলা হয়েছে।
এ প্রতিবেদন প্রকাশের পর অবশিষ্ট ছয়টি ক্যাডেট কলেজের ২০০৩ সালে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের অভিভাবকদের মধ্যে ভর্তির ব্যাপারে দ্বিধাদ্বন্দ্বের সৃষ্টি হয়েছে।
এ পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হয়েছে যে, যুগান্তর পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনটি সঠিক নয়। বর্তমানে দশটি ক্যাডেট কলেজে একই সঙ্গে ইংরেজী মাধ্যম প্রবর্তনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। খবর আইএসপিআরের প্রেস বিজ্ঞপ্তির।